



hop, ____________________


______________________________

**Learning Tips : Students will pronounce different words .Then they will use the diagram to make words of same rhyme.**




pot,

**Learning Tips : The teacher will facilitate the students in making words with same rhyme.**


f
l
h
d
fr
og

# ‘রাম বনে ফুল পাড়ে’ পাঠ থেকে কথা নিয়ে ফাঁক ভরাট করো

১। ______ বনে ______ পাড়ে।

২। কত ______ ______ গাবে।

৩। জলে আছে ______ ফুল।

৪। ______ কত লোক ______।

৫। ______ কত ______ টানে।

৬। ছোট খোকা ______ ______ দোলে।

৭। ভারী আনে ______ ______ জল।

৮। ______ ______ সরা ______ ______।

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা সহজ পাঠের ‘রাম বনে ফুল পাড়ে’ অধ্যায়টি পড়ে উপরের কাজগুলি করবে।

## ‘রাম বনে ফুল পাড়ে’ পাঠটি দেখো। ভেবে লেখো

১। রাম ফুল তোলে ______ ফুল ______ ফুল ______ ফুল।

২। লাল রং-এর তিনটি জিনিস আছে ______ ______ ______।

৩। ঘরে বাজে ______ ______।

৪। থালায় আছে ______ মাছ ______ মাছ।

৫। গাড়িতে আসে ______ ______ ______ ______।


৬। বাতি আছে ______ ______ রঙের।

৭। যে কয় দিন ছুটি ______ দিন।

৮। ______ ভাই মিলে খেলা হবে।

৯। ফুল আছে ______ রকমের।

# ০ যোগে বাড়ে না। ০ বিয়োগে কমে না।




$$
\begin{array}{r} ৫ \\ +\ ০ \\ \hline \boxed{৫} \end{array}
$$

খোলা বাটিতে ৫টা ডিম। ঢাকা বাটিতে আরো ০ ডিম।

মোট ☐ টা ডিম।

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি দেখে, কাজ করে ধারণা নির্মাণ করবে যে ০ যোগে বাড়ে না, ০ বিয়োগে কমে না।





৬
\+ ০
৬

জলে ছিল ৬টা হাঁস। আরো ০ হাঁস বাড়ল। জলে ৬টা হাঁসই থাকল।





৩
− ০
৩

ফুলকপি ছিল ৩টা। ০ ফুল কপি তুলে নিল।

ফুলকপি রইল [ ] টা।



# Let's make words with 'u'

## Spell and pronounce

| | | | | |
|---|---|---|---|---|
| bud | bug | bun | but | hush |
| mud | dug | fun | cut | rush |
| thud | hug | gun | hut | brush |
| | jug | nun | nut | crush |
| | mug | run | shut | thrush |
| | rug | sun | | |
| | tug | | | |



**Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound.Then students will find rhyming words for each of the given words in the diagram.**

| | | | |
|---|---|---|---|
| dug | | thrush | |
| | | | |
| | run | | |
| | | | |
| | | | nut |

T : Can you run fast?


P : Yes, I can run fast.

T : Please shut the door. (P shuts the door.)

T : Please shut the window. (P shuts the window.)

# কাঁচা আম

ওই, ওই, বাগানেতে
বৈশাখী ঝড়ে
টুপ টাপ টুপ টাপ
কাঁচা আম পড়ে।





ছেলেমেয়ে ছুটে আয়,
কুড়োবি তো ছুটে আয়।
বড়ো আম ছোটো আম,
গোটা আম ফাটা আম,

সব নিয়ে জড়ো করি
উঠানে ও ঘরে।
টুপ টাপ ধুপ ধাপ
কত আম পড়ে।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কবি সুখলতা রাও-এর কবিতাটি পড়ে বৈশাখ মাসের প্রকৃতির একটি বিশেষ দিক সম্বন্ধে ধারণা লাভ করবে। অন্যান্য মাসের সঙ্গে বৈশাখ মাসের পার্থক্য নিয়ে বলাবলি করবে।

| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| ~~l~~ | j | ~~t~~ | u | g |

jug





| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| m | p | u | g | t |

| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| t | b | u | a | d |





| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| s | q | u | y | n |

| 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|
| l | n | o | u | t |




**Learning Tips :** Students will see the picture, cross the letters to find right words and then write it again.

## ☐ এর ভিতর = বা ≠ বসাও




৬ + ২ [ = ] ৮





৪ + ৪ [ ≠ ] ৯





৭ + ২ [ ] ৮






৫ + ৪ [ ] ৯



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি দেখে সংখ্যা গুনে যোগ করে সমান (=) বা অসমান (≠)-এর ধারণা পাবে।

# এসো আঁকি আর রং করি :




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা চেনা-জানা অভিজ্ঞতা থেকে আঁকবে আর রং করবে। শিক্ষার্থীরা ফুল বিষয়ক নাচ ও গান করবে (নমুনা—ফুলে ফুলে ঢলে ঢলে)। বিনোদনমূলক খেলা—মৌমাছির ফুলের মধু সংগ্রহ।



# Let's write...

1.  t a m = ________

2.  g e g = ________

3.  i p g = ________

4.  x o f = ________

5.  u j g = ________




**Learning Tips : Students will arrange the letters and make words with the help of the pictures .Then they will see the pictures and write the names of the objects and animals. The teacher will facilitate the process.**


1.  This is a ______________.

2.  This is a ______________.


3.  This is a ______________.


4.  This is a ______________.

5.  This is a ______________.




=






༣ ༢ +







༥ = ༢ + ༣




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি দেখে বারকোড ও সংখ্যার মাধ্যমে পাশাপাশি ও উপর নীচে যোগ করতে শিখবে।




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি দেখে বারকোড ও সংখ্যার মাধ্যমে পাশাপাশি ও উপর নীচে যোগ করতে শিখবে এবং তা প্রয়োগ করবে।



=





=

□ + □ + □

□ + □ + □

□ = □ + □ = □ + □ + □

□ = □ + □ = □ + □ + □

## ‘কালো রাতি গেল ঘুচে’ পাঠটি দেখে লেখো

ক) কালো আলো ........................

খ) ভাঙা ........................

গ) ঘুচে........................

ঘ) বাতি ........................

ঙ) ভুলে........................

চ) ........................ ফোটে

ছ) ........................বুঝি

জ) ........................লাগে

## ছকটি দেখো এবং নীচের খোপে মিলিয়ে লেখো

ক) ১ - ভয়ে

খ) ২ - দিকে

গ) ৩ - ডেকে

ঘ) ৪ - বনে

ঙ) ৫ - মেঘে

চ) ৬ - জলে


ছ) ৭ - ডালে

জ) ৮ - গানে


ঝ) ৯ - মনে

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ১ | — | ভয়ে | ভয়ে |
| ২ | ২ | — | | |
| ৩ | ৩ | — | | |
| ৪ | ৪ | — | | |
| ৫ | ৫ | — | | |
| ৬ | ৬ | — | | |
| ৭ | ৭ | — | ডালে | ডালে |
| ৮ | ৮ | — | | |
| ৯ | ৯ | — | | |

শিখন পরামর্শ : শিক্ষার্থী সহজপাঠের ‘কালোরাতি গেল ঘুচে’ পাঠটি পড়ে উপরের কাজগুলি করবে।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি দেখে বারকোড ও সংখ্যার মাধ্যমে পাশাপাশি ও উপর নীচে যোগ করবে।




୫ + ୨ + ୩ =

୫ + ୬ + ୫ =

୨ + ୬ + ୩ =

୪ + ୩ + ୨ =

# Let’s make words...




sun ____________ ____________

____________ ____________


____________ ____________

____________ ____________

____________ ____________




Learning Tips : Students will use the letters to make words.




___ en



___ en




h __ __



m __ __


Learning Tips : Students will see the pictures and make words.




___ at



___ at




m __ __




p __ __




___ in




___ in



p ___ ___




t ___ ___



বোয়াল মাছের হাঁ।
চুনোপুঁটি মৌরলা সব
পালিয়ে তোরা যা।
আড়াল বুঝে লুকিয়ে পড়িস
নাগাল পাবে না।

শিখন পরামর্শ : শিক্ষার্থীদের মধ্যে জলের মধ্যেকার জীবন এবং মাছের খাদ্যাভ্যাস ও আচরণের সম্পর্কে ধারণা গড়ে উঠবে।



বোয়াল মাছের হাঁ-য়
ছোটো মাছই যায়।
রুই-কাতলা রইল জলে
পুঁটি গেল হাঁ-য়।।

রুই মাছ ৯টি, পুঁটি মাছ ৪টি। পুঁটি মাছ ৪টি, রুই মাছ ৯টি।





| রুই | | পুঁটি |
|---|---|---|
| ৯ | | ৪ |
| ৯ | > | ৪ |

| রুই | | পুঁটি |
|---|---|---|
| ৪ | | ৯ |
| ৪ | < | ৯ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি, কবিতা ও সংখ্যার মধ্যে সমন্বয় করতে শিখবে। বড়ো (>) ও ছোটো (<) সংখ্যার ধারণা চিহ্নের মাধ্যমে দেখাতে শিখবে। পুকুর, নদীর বিভিন্ন মাছ চিনতে পারবে।

## হাঁ-এর ভিতর দেখো, বাইরে দেখো। ছোটো বড়ো বোঝো

২ < ৭




0 < 2

৫ > ০




3 > 2

## খোপের ভিতর ঠিকঠাক > বা < বসাও

২ ☐ ৩, ৬ ☐ ১, ৮ ☐ ৫, ৯ ☐ ২, ৬ ☐ ৭

৫ ☐ ৪, ৭ ☐ ৩, ৪ ☐ ৫, ৭ ☐ ২, ৯ ☐ ৭

4 ☐ 1, 4 ☐ 9, 7 ☐ 3, 5 ☐ 8, 4 ☐ 6

2 ☐ 1, 4 ☐ 5, 6 ☐ 3, 9 ☐ 7, 3 ☐ 6


## খোপের ভিতর ঠিকঠাক ১ থেকে ৯ বসাও


২ < ☐, ৬ < ☐, ৮ < ☐, ৯ > ☐, ৬ > ☐,

4 > ☐, 2 < ☐, 7 < ☐, 5 < 8, 4 < ☐,

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা বড়ো (>) ও ছোটো (<) চিহ্নের প্রয়োগ করবে।


# এসো রং করি :





শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের ছবিগুলি চেনা-জানা-অভিজ্ঞতার ভিত্তিতে রং করবে। বিভিন্ন মাছের পার্থক্য করতে পারবে।

# এসো রং করি :



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের ছবিটি নিজেদের চেনা-জানা অভিজ্ঞতা থেকে রং করবে।



দাদা বাজারে গেছেন। শাক, মাছ, ফল আনবেন। আর নানারকম আনাজ। আলু, পটল,ঝিঙে, গাজর, করলা, টমাটো আরো কত কী। নানা রঙের তাজা আনাজ।

আলু-পটলের তরকারি হবে। ভাত, ডালও হবে। আর হবে মাছের ঝোল। শেষে মিঠাই। বাড়িতে অতিথি এসেছেন। সবাই একসাথে খাব। বেশ মজা হবে।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটিকে সহজপাঠের 'ঐ সাদা ছাতা'-এর অনুসারী পাঠ হিসেবে ব্যবহার করবে।



বাঁদরটার বাড়ি গাছের মাথায়। সে হাট সেরে বাড়ি ফিরবে। কীভাবে ফিরবে তা ছবিতে দেখাও।

## হাটে কী পাও? নীচে ছবি দেখো। আর পাশে পাশে লেখো




য়াজপেঁ



টোটমে



রলাক



কাংল



নগুবে



সহাঁ



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা নির্দিষ্ট পথে চলতে শিখবে ও হাটে কী কী কেনা-বেচা হয় তা সম্পর্কে ছবি দেখে শব্দ গঠনের মাধ্যমে ধারণা লাভ করবে।



b a t



___ a l l



___ o g



___ g g




___ a t



___ a n


**Learning Tips : Students will see the pictures and write the missing letters to make words.**



__ e n



__ u g



__ x



__ a t



__ u b




__ u n

# আঁকি আর রং করি :



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা মাছ ধরার উপকরণ ও কৌশল সম্পর্কে ধারণা লাভ করবে। কার কী করতে ভালো লাগে তা নিয়ে আলোচনা করবে।

# Let’s read aloud...



A pig has four legs.



The boy lives in the hut.



A pen is on the table.





The mug is beside the jug.

Learning Tips : Students will see the pictures and read the sentences loudly.

## কোনটার সাথে কোনটা মিলতে পারে ভেবে লেখো

| | |
|---|---|
| শাক, ভাত, মাছ, সবজি, চাল, ফলের খোসা, মশলা, ফল, | আঁশ ছাড়ানো, কাটা, বাছা, খাওয়া, কোটা, চেবানো, ফোটানো, ছাড়ানো, আখ বাটা, ধোয়া |

ক) --------------------

খ) ----------------------

গ) --------------------

ঘ) --------------------

ঙ) ---------------------

চ) --------------------

ছ) --------------------

জ) ---------------------

ঝ) -------------------

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা নির্দেশ অনুযায়ী উপরের কাজগুলি করবে।

## দুটি খোপ থেকে কথা বেছে নিয়ে মিলিয়ে লেখো

| | |
|---|---|
| মাছ, গোরু, ঘোড়া, পাখি, মানুষ, সাপ, বাঘ, কুকুর | হাঁটে, লাফায়, ওড়ে, বুকে ভর দিয়ে চলে, সাঁতার কাটে, জাবর কাটে চরে, শিকার করে, জোরে দৌড়ায়, পাহারা দেয় |

ক) --------------------

খ) ---------------------

গ) --------------------

ঘ) --------------------

ঙ) ---------------------

চ) --------------------

ছ) --------------------

জ) ---------------------

ঝ) --------------------

# পরিবার





দাদা দিদি ভাইবোন
বাবা আর মা
ঠাকুরদা আছে আর
আছে ঠাকুমা।



বাবা কাকু জেঠু এরা
নিজেরাও ভাই
পিসিদেরও ডেকে নিলে
হবো সব্বাই।



শিখন পরামর্শ : উপরের ছড়াটি পড়ে শিক্ষার্থীদের মধ্যে পরিবার সম্বন্ধে ধারণা গড়ে উঠবে।

মামাবাড়ি ভারি মজা
মাঝে মাঝে আসি
মামা, দাদু-দিদা আছে,
আর আছে মাসি।

কাকু-কাকি, জেঠু-জেঠি
পিসে পিসি আর
মামা-মামি মেসো-মাসি
নিয়ে পরিবার।




# Our Family

We sit around the table
Mother, father and me
Grandparents are here as well
We all eat merrily!
My brother talks, my sister smiles
Our uncle, aunt and niece
We sit close and share warm love
A happy family, this!



**Learning Tips : The teacher will motivate the students to participate in the rhyme song.**





## Make words from the chart and fill in the blanks.

1. He is my fa _ _ _ _.
2. She is my grand m _ _ _ _ _.
3. She is my s _ _ _ _ _.
4. He is my _ _ _ _ e.
5. She is my _ u _ _.

Learning Tips : Student will make words from the chart and fill in the blanks.



## উপরের আঁকা ছবি থেকে খুঁজে বের করি নীচের আকার আছে কয়টি



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের ছবি থেকে প্রত্যেকটি আকার কতগুলি করে রয়েছে তা গুনে বের করবে।



# Let’s colour and count...

fan, star, cat, cow, duck, table, mat,

dog, door, uncle, dove, apple, ball, bat,

bell, big, box, fox, blue, green, lion

How many **green circles are** there? ☐

How many **blue circles are** there ? ☐

How many **red circles are** there ? ☐



**Learning Tips : Students will circle the three-letter words in green, the four-letter words in blue and five-letter words in red. Then they will count the number of green, blue and red circles.**



# Let's write...

big cat dog


Learning Tips : Students will write the words many times for the purpose of hand writing.



# Let’s write...

king star

# এসো রং করি :




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের ছবিটিতে রং করবে ও প্রকৃতি নিয়ে আঞ্চলিক ভাষায় গান গাইবে।

# দশের দল।






টেবিলে ৯ টা আম ছিল। ছেলেটি আর একটা আম রাখল। ৯ + ১টা আম হল। ৯ + ১ কে বলে দশ। দশ কে লিখি ১০।



৯ টা পাখি বসে ছিল। ১টা পাখি উড়ে এসে বসল। এখন হল ৯ + ১ টা পাখি। ৯ + ১ কে আমরা বলি দশ। দশ কে লিখি ১০।




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবির মাধ্যমে দশের দলের ধারণা লাভ করবে।



দোকানির কাছে [৮] টি মাছ। লোকটির হাতে [২] টি মাছ। মোট মাছ [৮] + [২] = [১০]



তীরে ছেলেমেয়ে [ ] জন। নৌকায় ছেলেমেয়ে [ ] জন। মোট ছেলেমেয়ে [ ] + [ ] = [ ]



মৌচাকের কাছে মৌমাছি উড়ছে [ ] টি। মধুর খোঁজে উড়ে চলল [ ] টি মৌমাছি। মোট মৌমাছি উড়ছে [ ] + [ ] = [ ] টি।

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবির মাধ্যমে নানাভাবে ১০-এর দল গড়তে শিখবে।


# আমাদের চারপাশ

ডাঙা আর জল নিয়েই আমাদের চারপাশ। আমরা বাস করি ডাঙায়। তবে জল ছাড়া আমাদের চলে না। জলে থাকে নানারকম মাছ, পানকৌড়ি। এরা জলচর। জলে নানারকম পানাও থাকে।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটিকে সহজপাঠের 'নাম তার মোতিবিল'-এর ভিত্তিপাঠ হিসেবে ব্যবহার করবে।







কাক, মোষ, ডিঙি, হাঁস, বক, চিল, মাছরাঙা, ঘাস,
ধানখেত, মাছ, পানা, শেওলা, পানকৌড়ি

শিখন পরামর্শ : ছবিদুটির পাশে পাশে খোপ আছে। তার মধ্যে শিক্ষার্থীরা বিষয় অনুযায়ী ঠিক শব্দ বসাবে।

# এসো রং করি :






 শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবিতে রং করবে।


## Let's make words and fill in the blanks

1.



He plays with a (tab) ................

2.



I have a blue (llab) ......................

3.



Have a (puc) ................ of tea.

**Learning Tips : Students will see the picture and make words to fill in the blanks.**

## Let's make words and fill in the blanks

4.



(tac) ......... likes milk.

5.



The (yob) ......... runs fast.

6.



The (neh) ............ lays an egg.

০ আর ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯

লিখেছি একটি করে ঘরে।

ঐ ঘরটিকে একক ঘর বলবো।

| একক |
|---|
| ০ |
| ১ |
| ২ |
| ৩ |
| ৪ |
| ৫ |
| ৬ |
| ৭ |
| ৮ |
| ৯ |

১ ০

দশ লিখতে দরকার দুটি ঘর। ডান দিকের ঘরটি আগের মতোই একক ঘর বলা হয়। বাঁ পাশের ঘরটিকে দশক ঘর বলবো।

| দশক | একক |
|---|---|
| | ০ |
| | ১ |
| | ২ |
| | ৩ |
| | ৪ |
| | ৫ |
| | ৬ |
| | ৭ |
| | ৮ |
| | ৯ |
| ১ | ০ |

| দশক | একক |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা দশ (১০) এবং একক ও দশকের ধারণা লাভ করবে।



শিল পড়ে টুপটাপ

খোকা খুকু চুপচাপ



শিল পড়া থামল

আঙিনায় নামল




হুটোপাটি ছুটোছুটি

সারাবেলা দুপদাপ।

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের ছড়াটি থেকে শিলা বৃষ্টি সম্বন্ধে ধারণা লাভ করবে।

# এসো রং করি :



শিখন পরামর্শ : শিক্ষার্থী তার বাড়ির চারপাশ সম্পর্কে ধারণা লাভ করবে ও পরিবেশ সচেতন হবে। পরিবেশ সচেতনতা সম্পর্কে পোস্টার আঁকবে।

# সকাল বিকেল



সকালের আকাশ ঝলমল করছে। পুকুরের জল ঝিলমিল করছে। রোদ পড়ে বালি ঝিকমিক করছে। মাঠে হইহই করছে সবাই। আজ মেলা বসবে। মেলায় খুব ধুমধাম হবে। ঘড়িতে ঢংঢং করে দশটা বাজল। চটপট বেরিয়ে পড়ল বিশু। সাথে আসমা আর বাহামণি।


শিখন পরামর্শ : পাঠটি সহজপাঠের 'বিনি পিসি'-এর অনুসারী পাঠ।



বিকেলে মেঘ করে এল। শনশন করে হাওয়া বইছে। মেলায় লোকেরা হইচই করছে। একটা বড় গাছ মড়মড় করে পড়ে গেল। টুপটাপ জল পড়ছে আকাশ থেকে। একটু পরেই ঝমঝমিয়ে নামল। ধুপধাপ তাল পড়ছে বিলের ধারে। কড়কড় করে বাজ পড়ছে। চটপট বাড়ি ফিরতে হবে। দূরে রেল যাচ্ছে কু-ঝিকঝিক।

## *Add letter and make meaningful words :*


x → ox → box



t → at → ________



n → in → ________



p → hop → ________



h → rush → ________





**Learning Tips : Students will see the picture and make meaningful words.**

# কোনটা কত?

দু হাতে আঙুল আছে ১০|10 

কামিনী পাতা আছে 

মাকড়সার পা আছে 

মাছের পাখনা আছে 

পিঁপড়ের পা আছে 

এক হাতে আঙুল আছে 

 গোরুর পা আছে

 অটোর চাকা আছে

 পায়রার পা আছে

 আমে আঁটি আছে

 ০|0 লংকা গাছে লংকা নেই

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবির বৈশিষ্ট্য দেখে সংখ্যার সঙ্গে সমন্বয় করবে।

# কাটা কাগজ দিয়ে এক (১) থেকে দশ (১০)

☐ এরকম চৌকো কাগজ-১টি

এরকম ২টি চৌকো কাগজ ☐☐

এরকম ৩টি চৌকো কাগজ ☐☐☐

এরকম ৪টি চৌকো কাগজ ☐☐☐☐

এরকম ৫টি চৌকো কাগজ ☐☐☐☐☐

এরকম ৬টি চৌকো কাগজ ☐☐☐☐☐☐

এরকম ৭টি চৌকো কাগজ ☐☐☐☐☐☐☐

এরকম ৮টি চৌকো কাগজ ☐☐☐☐☐☐☐☐

এরকম ৯টি চৌকো কাগজ ☐☐☐☐☐☐☐☐☐


এরকম ১০টি চৌকো কাগজ ☐☐☐☐☐☐☐☐☐☐

**এক দশ এক এগারো। এক দশ দুই বারো। বারো মাসে এক বছর।**

| দশক | একক | | |
|---|---|---|---|
| ১ (এক দশ) | ১ (এক) | ১১ | ☐☐☐☐☐☐☐☐☐☐ ☐ |
| ১ (এক দশ) | ২ (দুই) | ১২ | ☐☐☐☐☐☐☐☐☐☐ ☐☐ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা দশের ধারণাকে সুদৃঢ় করবে এবং বারো পর্যন্ত সংখ্যায় লিখতে শিখবে। মাসের সঙ্গে বছরের সম্পর্ক জানবে।

# ঝুড়ি থেকে কথা খুঁজি, ফাঁক ভরাট করি




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রটি সহজপাঠের 'বিনি পিসি'-র অনুসারী পাঠ হিসেবে ব্যবহার করবে। ঝুড়ি থেকে শব্দ খুঁজে ফাঁক ভরাট করবে।

১. ________ করে জল পড়ছে।

২. আলো পড়ে নদীর জল ________ করছে।

৩. পিতলের ঘটি মাজার পর ________ করছে।

৪. বক ________________ করে চায়।

৫. আলোয় চারিদিক ____________ করছে।

৬. ডালটা ___________ করে ভেঙে গেল।

৭. আকাশে তারাগুলি __________ করছে।

৮. ঘড়িতে ____________ করে আটটা বাজল।

৯. আঠা লেগে হাত ____________ করছে।

১০. ________________ তৈরি হও।

১১. ________ করে হাওয়া বইছে।

চলে হন্‌হন্‌ ছোটে পন্‌পন্‌

ঘোরে বন্‌বন্‌ কাজে ঠন্‌ঠন্‌





বায়ু শন্‌শন্‌ শীতে কন্‌কন্‌

কাশি খন্‌খন্‌ ফোঁড়া টন্‌টন্‌

মাছি ভন্‌ভন্‌

থালা ঝন্‌ঝন্‌।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কবি সুকুমার রায়-এর কবিতাটি পড়ে মজার মাধ্যমে অনুকার শব্দ ব্যবহার সম্বন্ধে ধারণা লাভ করবে। পাশাপাশি উপরের পাঠটি সহজপাঠের ‘বিনি পিসি’-র অনুসারী পাঠ হিসেবে ব্যবহার হবে। শিক্ষার্থীরা ছবি দেখে শব্দগুলি পড়বে ও বলবে।

# Circle letters and make words

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| a | n | t | c | p | e | a |
| b | a | t | d | b | i | n |
| d | o | o | r | n | e | t |
| h | a | t | b | m | a | t |
| c | a | t | z | z | o | o |
| j | u | i | b | e | l | l |

Learning Tips : Students will circle letters in the letter-diagram to make words .

## Draw a picture of a play ground.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| b | a | t | c | g | k |
| a | n | t | p | q | r |
| b | a | l | l | m | n |
| p | q | r | p | o | t |
| c | b | a | t | s | p |
| k | r | a | t | c | l |
| m | o | z | b | a | t |
| y | b | a | l | l | q |
| b | a | t | b | l | z |



Learning Tips : Students will count the words—bat, ball and integrate numeracy with language and visual art.

1. Circle the word bat in red.

2. Circle the word ball in blue.

3. Circle the word ant in green.

4. How many bats do you find here? [ ]

5. How many balls do you find here? [ ]

6. How many ant s do you find here?. [ ]

# মালা গাঁথি : কটা ফুল গাঁথা হল ?







১০ + ১

| | দশক | একক |
|---|---|---|
| এক দশ এক ১১ | ১ | ১ |

---





১০ + ২

| | দশক | একক |
|---|---|---|
| এক দশ দুই ১২ | ১ | ২ |



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কাজের মাধ্যমে ১১ থেকে ১৫ পর্যন্ত গণনা শিখবে। অন্যান্য উপাদান গোনার ক্ষেত্রেও এই দক্ষতা ব্যবহার করতে পারবে।

১০ + ৩

| | দশক | একক |
|---|---|---|
| এক দশ তিন ১৩ | ১ | ৩ |

১০ + ৪

| | দশক | একক |
|---|---|---|
| এক দশ চার ১৪ | ১ | ৪ |

১০ + ৫

| | দশক | একক |
|---|---|---|
| এক দশ পাঁচ ১৫ | ১ | ৫ |





১০ + ৬

| | দশক | একক |
| --- | --- | --- |
| এক দশ ছয় ১৬ | ১ | ৬ |






১০ + ৭

| | দশক | একক |
| --- | --- | --- |
| এক দশ সাত ১৭ | ১ | ৭ |





১০ + ৮

| | দশক | একক |
| --- | --- | --- |
| এক দশ আট ১৮ | ১ | ৮ |


শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কাজের মাধ্যমে ১৬ থেকে ২০ পর্যন্ত লিখতে শিখবে।

১০ + ৯

| | | দশক | একক |
|---|---|---|---|
| এক দশ নয় | ১৯ | ১ | ৯ |

---



২০ + ০

| | | দশক | একক |
|---|---|---|---|
| দুই দশ | ২০ | ২০ | ০ |





কোকিল এল ময়নার কাছে। ওরা কাকের কাছে যাবে। তারপর একসাথে যাবে বাবুই-এর বাসায়। সেখানে আজ ভোজের আসর।

চড়াই এর মুখে ধানের শিষ। পায়রা এনেছে গম। বুলবুলি এনেছে পাকা পেয়ারা। টিয়া আনল লাল লংকা। কাঠঠোকরা আনবে পোকামাকড়। গাছের কোটর



শিখন পরামর্শ : উপরের পাঠটি সহজপাঠের 'বিনি পিসি'-র অনুসারী পাঠ হিসেবে ব্যবহৃত হবে। শিক্ষার্থীরা বিভিন্ন পাখির বৈশিষ্ট্য সম্বন্ধে জানত পারবে।

থেকে। মাছরাঙা এনেছে মাছ। বিরাট আয়োজন। সব দেখে শালিক আর চড়াই ডাকল ময়ূরকে। বলল, খাওয়ার পর কোকিল গান গাইবে।

তোমায় নাচ দেখাতে হবে।



# পাখিদের চেনো



১. ঝাড়ুদার পাখি বলে লোকে আমাকে।

২. আমার মাথায় ঝুঁটি, বড় লেজে রঙিন পালক গোঁজা।





৩. গাছের গুঁড়ির ভিতর খাবার খুঁজি ঠক্ ঠকা-ঠক্ ঠক্।



৪. ফুড়ুৎ ফুড়ুৎ করে উড়ি, ছোটো আমি ঘুলঘুলিতে বাস।




৫. বকম্ বকম্ ডাকি, দানা খুঁটে খাই।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছবি দেখে, বৈশিষ্ট্য বুঝে পাখিদের চিনবে।

# বারোর চেয়ে বড়ো

এক দশ তিন ১৩ এক দশ চার ১৪ এক দশ পাঁচ ১৫ এক দশ ছয় ১৬




এক দশ সাত ১৭ এক দশ আট ১৮ এক দশ নয় ১৯ দুই দশ ২০



| নীচের ☐ এ লেখো। | > বা < বসাও | |
|---|---|---|
| কোনটা বড়? ১২ নাকি ১১? ☐ | ১৭ ☐ ১৫ | ১৮ ☐ ১৬ |
| কোনটা বড়? ১৩ নাকি ১৯? ☐ | ৭ ☐ ১১ | ১৫ ☐ ১৩ |
| কোনটা বড়? ১৭ নাকি ১৫? ☐ | ১৪ ☐ ২০ | ১৭ ☐ ১৯ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীদের ১৩ থেকে ২০ পর্যন্ত ধারণা গড়ে উঠবে। তারা বড়ো/বৃহত্তর ( >) চিহ্ন ও ছোটো/ক্ষুদ্রতর (<) চিহ্ন প্রয়োগ করতে শিখবে।

# বাংলার পাখি




## পাখি বিষয়ে দুটি লাইন লেখো:

---------------------------------------------------------------


---------------------------------------------------------------

---------------------------------------------------------------



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রটিতে তাদের চেনা-জানা অভিজ্ঞতা থেকে বিভিন্ন পাখির নাম লিখবে। (বর্ণ ও স্বরচিহ্ন যোগে শব্দ গঠনের ব্যবহারিক প্রয়োগ)।

# আমাদের ময়না



আমাদের ময়না
ঠিক কথা কয়না।
যদি বলি ‘বলো আম’
বলে সে যে ‘বলরাম’
বলি যত ‘রাধা রাধা’
সে বলে ‘আধা আধা’
বললেই ‘আয়না’
বলে দেয় ‘গয়না’।




শিখন পরামর্শ : কবি কার্তিক ঘোষের ‘আমাদের ময়না’ ছড়াটি সহজপাঠের অনুসারী পাঠ হিসাবে ব্যবহৃত হবে। শিক্ষার্থীরা আনন্দের সঙ্গে ছড়াটি পড়বে ও পাখির জগৎ সম্বন্ধে তাদের আগ্রহ জন্মাবে।



# Let's sing ...


Row, row, row, your boat
Gently down the stream
Merrily, merrily, merrily, merrily
Life is but a dream.





**Learning Tips : The teacher will motivate the students to participate in the rhyme song. Students will try to make paper- boats.**

# আগে রং করি তারপর আঁকি :



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা থেকে ফলের ছবিতে রং করবে। তারপর তারা নিজেরাও ফলের ছবি আঁকবে ও তাতে রং করবে। ফল খাওয়ার নিয়মিত অভ্যাস গড়ে তুলবে।

# এসো ছবি দেখি আর পড়ি:

পথে লোক চলে। পথের পাশে বিজলি বাতির খুঁটি। মইটা খুঁটিতে হেলান দিয়ে রেখেছে। পাশে কালুদা দাঁড়িয়ে আছে। বিজলির তার সারাই হবে।







সামনের মাঠে চলছে ফুটবল খেলা। রেবা দেখে আর তালি দেয়। ওপারে আসগর চাচার দোকান। দোকানে চাচার মন নেই। সাইকেলে চেপে পিয়নদাদা আসছে যে। কাঁধে তার ঝোলা। ঝোলায় চিঠির গোছা।

 শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের 'ছায়ার ঘোমটা'-র ভিত্তিপাঠ হিসেবে পড়বে।


## নানা ভাবে ৫ বানাই




## নানা ভাবে ৬ বানাই




## নানা ভাবে ৭ বানাই




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রটি যোগের প্রয়োগের জন্য ব্যবহার করবে।

## Look at the pictures and say these words



bee



jeep



seed



tree



queen

## Say with your teacher

see peel meet peep keep feed

## Let's listen and say

The bee is on the tree.
She keeps the seed.
I see the jeep.
The baby has pink feet.



Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound.

## ছক থেকে কথা খুঁজে গোল করি

| | | | |
|---|---|---|---|
| মু | দি | ঢেঁ | কি |
| তে | ল | মু | ড়ি |
| মা | ঝ | খা | ন |
| চু | ন | জ | ল |

## ছক থেকে কথা খুঁজে নীচে লিখি

| | | | |
|---|---|---|---|
| ভা | ত | বে | ত |
| জা | ম | লা | ল |
| রা | ত | ডি | ম |
| শী | ত | ব | ক |

____________ ____________ ____________ ____________

____________ ____________ ____________ ____________


____________ ____________ ____________ ____________

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে শব্দ গঠন করবে।

# ছক থেকে কথা বানাই


| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | তা | তাল | ১ | ৩ | ক | ১. |
| ২. | পা | | | | ড়ি | ২. |
| ৩. | কা | | | | ল | ৩. |
| ৪. | ডু | | | | য়া | ৪. |
| ৫. | ছা | | | | ব | ৫. |
| ৬. | ব | | | | খ | ৬. |
| ৭. | মু | | | | ড়া | ৭. |
| ৮. | চু | | | | ন | ৮. |

# নানা ভাবে ১০ বানাই




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রে যোগের বিভিন্ন রকম প্রয়োগের জন্য ব্যবহার করবে। [বিভিন্নভাবে দশ (১০) ও পনেরো (১৫) বানাবে]।


# নানা ভাবে ১৫ বানাই



## Draw a line to match pictures with words



- jeep



- bee



- seed



- tree



- feet



- queen

T: What do we get from a tree?
P: We get fruits/flowers from a tree.
T. Who is our best friend?
P: Tree is our best friend.

**Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound.Then they will draw lines to match pictures with words.**

যে যার বাসায় ওই যে ওরা
করছে ডাকাডাকি
ওরাই আমার বাবুই ফিঙে
শালিখ দোয়েল পাখি।
সাতসকালে ওরাই এসে
ঘরের জানালায়
খোকন, ওঠো বলে আমার
ঘুম ভাঙিয়ে দেয়।




শিখন পরামর্শ : কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'পাখিরা' কবিতাটি শিক্ষার্থীদের আনন্দের ছড়া হিসেবে ব্যবহৃত হবে। পাখিদের বিভিন্ন স্বভাব সম্বন্ধেও তাদের মনে ধারণা গড়ে উঠবে।

# এসো পাখিদের খুঁজে বের করি





| | | | | | |
|---|---|---|---|---|---|
| ম | য়ূ | র | শা | লি | ক |
| ম | কা | বা | বু | ই | স |
| য় | ক | কো | ফি | ঙে | বু |
| না | পেঁ | চা | কু | ন | ল |
| ঘু | টি | কো | কি | ল | বু |
| ঘু | য়া | দো | য়ে | ল | লি |










শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছক থেকে পাখির নাম খুঁজে নিয়ে গোল দাগ দেবে। (বর্ণ ও স্বরচিহ্ন যোগে শব্দ গঠনের ব্যবহারিক প্রয়োগ)। নিজের অঞ্চলের পাখি দেখার ও চেনার অভ্যাস তৈরি করবে।

## ছক দুটিতে কী লেখা আছে দেখি




**উপর থেকে কোন দুটো নিয়ে যোগ করলে ৯ বা 9 হয়? ভেবে নীচে লিখি :**

৬ + ৩ = ৯      8 + 1 = 9


☐ + ☐ = ☐      ☐ + ☐ = ☐

☐ + ☐ = ☐      ☐ + ☐ = ☐

☐ + ☐ = ☐      ☐ + ☐ = ☐

☐ + ☐ = ☐      ☐ + ☐ = ☐

শিখন পরামর্শ : কোন কোন সংখ্যা যোগ করে ৯/9 ও ১০/10 হতে পারে, প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে সেই ধারণা গড়ে উঠবে।





উপরের ছক দুটিতে বসিয়ে তৈরি করি। কিভাবে যোগ করলে ১০ বা 10 হয় লিখি :

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | + | | = | ১০ | | + | | = | 10 |
| | + | | = | | | + | | = | |
| | + | | = | ১০ | | + | | = | 10 |
| | + | | = | | | + | | = | |
| | + | | = | | | + | | = | |

## Look at the pictures and say these words

beak  sea 

beans  peas 

peak  seat 

## Say with your teacher

heal heat leaf meal read tea

## Listen and say

Sheep bleat in a flock.

The peas are on the seat.

I peel the beans.

Birds speak with the beak.



Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound.

# ছবি দেখি, নাম লিখি

১ ডাঙাতেও চলি আমি
বেশি থাকি জলে,
কথা বলি হেলেদুলে
পেঁক পেঁক বলে।



২ খাল বিলে দাঁড়িয়ে
সদা এক পায়ে,
মাছ ধরি একমনে
কাদা নেই গায়ে।




৩ রাঙাবরণ খুদে পাখি
শুধু যে মাছ খাই,
মাছ কথাটি নামের সাথে
জুড়ে নিলাম তাই ।



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ছড়া শুনে ও ছবি দেখে পাখি চিনবে ও লিখবে।

# নীচের ছক দুটি দেখি




**উপর থেকে কোন দুটো যোগ করলে ১১ বা 11 হয়? এসো ভেবে নীচে লিখি :**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ + ৩ = ৮ | | | 11 + 3 = 8 | | |
| ১১ + ☐ = ☐ | | | 11 + ☐ = ☐ | | |
| ১১ + ☐ = ☐ | | | 11 + ☐ = ☐ | | |
| ১১ + ☐ = ☐ | | | 11 + ☐ = ☐ | | |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা পিরামিড দেখে, প্রয়োগের মাধ্যমে বিভিন্নভাবে ১১/11 বানাতে শিখবে।

## Make words and match them with the pictures




• s — a t



• pe — k




• b — ak



• pe — s



• b — ans



• s — a


T : I read in the morning. When do you read?

P : I read in the evening

Mantu reads in the morning.

**Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound. Then they will draw line to match pictures with words.**


# এসো রং করি :






শিখন পরামর্শ : শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা থেকে উপরের ছবিটিতে রং করবে। শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীদের যে কোনো পাখির গান গাইতে উৎসাহদান করবেন।

# ছবি দুটো দেখি। ছটি তফাৎ আছে। খুঁজে বের করে পাশে লিখি।







শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের ছবিদুটিতে তফাৎ খুঁজে নিয়ে লিখবে।



# লুডো খেলার শুরু





| পুট | দুই | তিন | চার | পাঁচ | ছয় |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

## পাশে লেখো :

ছয় পড়লে ঘর থেকে ঘুঁটি বেরোয়। ছয় পড়ল। ঘুঁটি বেরুলো। ছয় পড়লে আবার চাল দেওয়া যায়।

এবার পুট পড়ল। ঘুঁটিটা কত ঘর যাবে?

এরপরে তিন পড়লে ঘুঁটিটা কত ঘর যাবে?

এরপরে চার পড়লে ঘুঁটিটা কত ঘর যাবে?

এরপরে পাঁচ পড়লে ঘুঁটিটা কত ঘর যাবে?

আবার ছয় পড়লে কী হবে?

 শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ব্যবহারিক জীবনে লুডো খেলার অভিজ্ঞতার মাধ্যমে উপরের কর্মপত্রটি ব্যবহার করবে।



# Listen and do...

Jump over one number and circle it (one is done for you)


1 2 3 4 5 6 7 8 9 10



# Let's do it again...

10 9 8 7 6 5 4 3 2 1

Circle 2, 4, 6 and 8




**Learning Tips : Students will listen and follow the instructions.**

বেশিরভাগ মানুষ একটা সময় নদীর ধারেই থাকত। নদীরই জল খেত। নদীর পাড়ের জমিতে চাষ করত। নদীতে মাছ ধরত। নদীই ছিল মানুষের জীবন।



আজ আমাদের পিকনিক। নদীর ধারে। সবাই মিলে এসেছি। কেউ নদীতে নৌকো চড়ছে। কেউ মাছ ধরছে। ঘাটে চান করছে কেউ কেউ। নদীর চারপাশ জমজমাট।

## নদী বিষয়ে তিনটি লাইন লেখো :

________________________________________


________________________________________

________________________________________



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের 'আমাদের ছোটো নদী'-র ভিত্তিপাঠ হিসেবে পড়বে। মানুষের জীবনে নদীর ভূমিকা সম্বন্ধে শিক্ষার্থীরা ধারণা লাভ করবে এবং লিখবে।


# বাংলার নদী




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রটিতে তার জানা নদীর নাম লিখবে। (বর্ণ ও বিভিন্ন স্বরচিহ্ন প্রয়োগে শব্দ গঠনের মাধ্যমে)



# লুডো খেলার শেষ দিক



## পাশে লেখো :

১) ছয়ের পর তিন পড়লে বলে **ছয় তিন** পড়েছে। ছয়ের পর চার পড়লে কী বলবে?

২) ছয় তিন পড়লে একটা ঘুঁটি কত ঘর যেতে পারে?



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ব্যবহারিক জীবনে লুডো খেলার অভিজ্ঞতার মাধ্যমে উপরের কর্মপত্রটি ব্যবহার করবে। (খেলা ও গণিতের সমন্বয়)

৩) ছয়ের পর আবার ছয় পড়তে পারে। এমন হলে বলে **দুই ছয়** পড়েছে। তখন আবার চাল দেওয়া যায়। এবার যদি **পুট** পড়ে তাহলে একটা ঘুঁটি কত ঘর যেতে পারবে?

৪) উপরে খেলার ছবি আছে। কত পড়লে হলুদ ঘুঁটিটা উঠে যাবে?

৫) কোন ঘুঁটিটা পাকা? সবুজটা নাকি নীলটা?

৬) তুমি সবুজ আর নীল ঘুঁটি নিয়ে খেলছ। ছয় পাঁচ পড়েছে। তুমি কোন ঘুঁটির চাল দেবে?

৭) সেই ঘুঁটি কত ঘর যাবে?

## Look at the pictures and say these words

**book**




**spoon**



**hook**



**root**



**moon**



**pool**



## Say with your teacher

**boon** **food** **good** **look** **moon** **noon**

## Listen and say

I look at the moon.

The book is good.

Let's cook food.

He stood beside the pool.

**Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound.**



রোদ পড়ে জল গরম হয়ে
আকাশতলে মেশে
নানান রকম আকার নিয়ে
হাওয়ায় চলে ভেসে।


নীল-কালো মেঘ বাদল হয়ে
ঝরঝরিয়ে ঝরে
বলদ মাঠে লাঙল টানে
পুকুর জলে ভরে।



শিখন পরামর্শ : উপরের ছড়াটির মাধ্যমে শিক্ষার্থীরা বর্ষা সম্বন্ধে ধারণা লাভ করবে।

# ছবি দেখে সঠিক কথা মেলাও

**ঝমঝম টিপটিপ শোঁশোঁ**

(১)  → 

(২)  → 

(৩)  → 

(৪)





শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রটিতে বর্ষার বিভিন্ন রূপের সঙ্গে বিভিন্ন শব্দের সমন্বয় সাধন করবে। চতুর্থ ছবিটি দেখে শিক্ষার্থীরা শহরে বর্ষা সম্পর্কে বলাবলি করবে।

# অনেক ফুল। বড়ো মালা। কটা ফুল গাঁথা হলো ?




১০ ১০

দুই দশ ২০





১০ ১০ ১

| দশক | একক |
|---|---|
| ২ | ১ |

দুই দশ এক ২১





১০ ১০ ২

দুই দশ দুই ২২

| | |
|---|---|
| ২ | ২ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের কর্মপত্রটিতে কাজের মাধ্যমে যোগের প্রয়োগ করবে। (২০ থেকে ৩০) মালা গাঁথার অভ্যাস গড়ে ওঠবে।



১০ ১০ ৩

দুই দশ তিন ২৩

| দশক | একক |
| --- | --- |
| ২ | ৩ |



১০ ১০ ৪

দুই দশ চার ২৪

| | |
| --- | --- |
| ২ | ৪ |



১০ ১০ ৫

দুই দশ পাঁচ ২৫

| | |
| --- | --- |
| ২ | ৫ |

| | | |
|---|---|---|
| ১০ | ১০ | ৬ |

| | | দশক | একক |
|---|---|---|---|
| দুই দশ ছয় | ২৬ | ২ | ৬ |

| | | |
|---|---|---|
| ১০ | ১০ | ৭ |

| | | | |
|---|---|---|---|
| দুই দশ সাত | ২৭ | ২ | ৭ |

| | | |
|---|---|---|
| ১০ | ১০ | ৮ |

| | | | |
|---|---|---|---|
| দুই দশ আট | ২৮ | ২ | ৮ |

| | | |
|---|---|---|
| ১০ | ১০ | ৯ |

দুই দশ নয় ২৯

| দশক | একক |
|---|---|
| ২ | ৯ |

| | | |
|---|---|---|
| ১০ | ১০ | ১০ |


তিন দশ ৩০

| | |
|---|---|
| ৩ | ০ |

# Let's see and circle the right word



→ spoon | bat | root



→ beak | hook | book



→ root | rat | pool



→ noon | spoon | moon




→ jeep | pool | leaf



→ hook | seed | food

**Learning Tips : Students will pronounce different words .Then they will circle the right word for the picture.**

# গুনে লেখো




কটা ছোটো গোল আছে?

১০ + ১০ + ৫

| দশক | একক |
| --- | --- |
| ২ | ৫ |

# গুনে লেখো




কটা ছোটো গোল আছে?


☐ + ☐ + ☐

দশক একক

☐ ☐

# গুনে লেখো





কটা ছোটো গোল আছে?

☐ + ☐ + ☐

দশক একক

☐ ☐

## ঠিক পরে কী লেখো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | | ২৬ | | ২৯ | | ২০ | |

## ঠিক আগে কী লেখো

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২৯ | | ২১ | | ২৫ | | ২৮ |


## আগে, মাঝে বা পরে কী বসবে ?

| | | |
|---|---|---|
| | ২৯ | |

| | | |
|---|---|---|
| ২১ | | |

| | | |
|---|---|---|
| | | ২৫ |

# ফাঁকা ☐ এ লিখি। পরপর ১ থেকে ৩০





তুমি যা পূরণ করলে এবার এসো পরপর লিখি

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০ | ১ | ২ | | | | ৬ | | | | ১০ | | | | ১৪ |


| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৯ | | | | | | ২৫ | | | | | ৩০ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ফাঁকা জায়গায় ০ থেকে ৩০ পরপর লিখবে। এতে শিক্ষার্থীদের সংখ্যার মানের ঊর্ধ্বক্রম ও নিম্নক্রম সম্বন্ধে ধারণা আরো স্পষ্ট ও মজবুত হবে।

# এসো রং করি :



শিখন পরামর্শ : শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা থেকে উপরের ছবিটিতে রং করবে। শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীদের সঙ্গে পানীয় জলের বিভিন্ন উৎস ও জলের ব্যবহার সম্বন্ধে আলোচনা করবেন।



এই দেখো গাছ। কত কিছু নিয়ে ওর শরীর। মাটির নীচে শিকড় বা মূল। আর মাটির ওপর গুঁড়ি। গুঁড়ি থেকে বেরিয়েছে ডাল। ডাল ভরা ফুল পাতা। আর আছে ফল। সেই ফলের ভিতর আছে বীজ। বীজ মাটিতে পড়ে। আলো হাওয়া আর জল পায়। সেই বীজ থেকে হয় আবার নতুন গাছ।

## নীচের খোপগুলিতে গাছের নানা অংশের নাম লেখো




শিখন পরামর্শ : শিক্ষার্থীরা উপরের পাঠটি সহজপাঠের ‘কাল ছিল ডাল খালি’-র ভিত্তিপাঠ হিসেবে পড়বে। শিক্ষার্থীরা গাছের বিভিন্ন অংশ সম্বন্ধে ধারণা লাভ করবে। নীচের কর্মপত্রে সেই ধারণার প্রয়োগ করবে।

# পর পর লিখি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | |
| | | ১৩ | | | ১৬ | | | | |
| | | | | | | | ২৮ | | |

## সবচেয়ে বড়োটায় গোল করি


| | | | |
|---|---|---|---|
| ৯ | ১২ | ১৫ | ১৯ |
| ১৩ | ১৫ | ২৫ | |

## সবচেয়ে ছোটোটায় গোল করি


| | | | |
|---|---|---|---|
| ১০ | ২০ | ১১ | ২১ |
| ৩০ | ৯ | ২৫ | ১৬ |

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা ১ থেকে ৩০ পর্যন্ত পরপর লিখবে। সবচেয়ে ছোটো এবং সবচেয়ে বড়ো — এই ধারণা শিক্ষার্থীদের মধ্যে গড়ে উঠবে। শিক্ষার্থীরা ছবি দেখে সংখ্যা গুনে যোগ বা বিয়োগ করবে।


# গুনে লিখি




= ☐ টা মৌমাছি




☐ টা লজেন্স।



☐ টা ফুল।



= ☐ টা চড়াই।




−



= ☐ টা ফুল গাছে রইল।

## Look at the pictures and say these words

**boat**  **foam** 

**coat**  **goat** 

**coal**  **road** 


## Say with your teacher


**load  toad  roar  soar  foal  goal**

## Listen and say

He puts the load on the foal.
The goat stands on the road.
The birds soar and the animals roar.
The man in coat sits on a boat.

**Learning Tips : Students will pronounce different words according to the proper vowel sound.**

# বাংলার ফুল




## ফুল বিষয়ে তিনটি লাইন লেখো :

---------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------

শিখন পরামর্শ : শিক্ষার্থীরা কর্মপত্রটিতে তার জানা বিভিন্ন ফুলের নাম লিখবে। (বর্ণ ও বিভিন্ন স্বরচিহ্ন প্রয়োগে শব্দ গঠনের মাধ্যমে) বাড়িতে ফুলের বাগান করার অভ্যাস তৈরি হবে। ফুল বিষয়ক গান গাইবে।

# ফুলের মালায় কটি ফুল ?



তিন দশ ৩০









১০   ১০   ১০   ১

| দশক | একক |
|---|---|
| ৩ | ১ |

তিন দশ এক ৩১

শিখন পরামর্শ : শিক্ষার্থীদের মধ্যে ৩১ থেকে ৪০ পর্যন্ত সংখ্যার ধারণা গড়ে উঠবে।






১০ ১০ ১০ ২

| দশক | একক |
| --- | --- |
| ৩ | ২ |

তিন দশ দুই ৩২






১০ ১০ ১০ ৩

| দশক | একক |
| --- | --- |
| ৩ | ৩ |

তিন দশ তিন ৩৩

| ১০ | ১০ | ১০ | ৪ |
|---|---|---|---|

| দশক | একক |
|---|---|
| ৩ | ৪ |

তিন দশ চার ৩৪

| ১০ | ১০ | ১০ | ৫ |
|---|---|---|---|

| দশক | একক |
|---|---|
| ৩ | ৫ |

তিন দশ পাঁচ ৩৫